## প্রতিষ্ঠানের নাম: সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

### ২০২১-২২ অর্থ বছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

| | |
|---|---|
| ১. উদ্ভাবনী ধারণার শিরোনাম: | "গ্রামীণ পর্যায়ে মাইক্রো দরিদ্র বেকার যুবকে ফ্রিল্যান্সারের উন্নয়নের মাধ্যমে IT based প্রশিক্ষণ কেন্দ্র ও আউটসোর্সিং সেন্টার স্থাপন এবং কর্মসংস্থান সৃষ্টি ও বৈদেশিক মুদ্রা অর্জন" |
| ২. পরিচিতি: | বিশ্বায়নের এই যুগে প্রযুক্তি নির্ভর যেসব ব্যবসা সারা বিশ্বে বেশ আলোচিত তার মধ্যে অন্যতম হলো ফ্রিল্যান্সিং এবং আউটসোর্সিং। ফ্রিল্যান্সিং -এ আছে সৃজনশীলতা এবং স্বাধীনতা। সঠিক ভাবে ফ্রিল্যান্সিং এর শিক্ষা অর্জন করতে পারলে দেশের যুব সমাজকে জনশক্তিতে রূপান্তর করা সম্ভব। তাছাড়া কোভিড-১৯-এর কারণে অনলাইন ব্যবসা বেশ জনপ্রিয় হয়ে উঠেছে। মানুষ এখন ঘরে বসে বিভিন্ন রকম সেবা পেতে চাই।<br>বাংলাদেশও এখন তথ্যপ্রযুক্তি খাতে দ্রুত অগ্রসর হচ্ছে। তবে এই তথ্য প্রযুক্তি ব্যবহার বেশিরভাগ ক্ষেত্রে শহরে বসবাসরত নাগরিকগণের মধ্যে সীমাবদ্ধ। পক্ষান্তরে, গ্রাম ও ইউনিয়ন পর্যায়ের দরিদ্র বেকার যুবগণ এ তথ্য প্রযুক্তির সুফল থেকে বঞ্চিত। তাই, এসডিএফ প্রকল্প এলাকায় গ্রাম পর্যায়ে অতি দরিদ্র ও দরিদ্র বেকার যুবদের তথ্য প্রযুক্তি বিষয়ে ফ্রিল্যান্সিং ও আউটসোর্সিং-এ দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের মাধ্যমে তাদের জীবনমান উন্নয়নে প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাটি পাইলটিং করতে যাচ্ছে। এ ধারণার অন্যতম উদ্দেশ্য হলো বেকার যুবদেরকে ফ্রিল্যান্সিং বিষয়ে কারিগরি প্রশিক্ষণ প্রদান করে প্রত্যেকে ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে তথ্য প্রযুক্তি ক্ষেত্রে সেবা প্রদানের নিমিত্ত প্রশিক্ষণ ও ব্যবসাকেন্দ্র স্থাপন করে যুবদের কর্মসংস্থান সৃষ্টিসহ বৈদেশিক মুদ্রা অর্জন করা। যা তাদের পরিবারের দারিদ্র দূরীকরণে ও অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। |
| ৩. উদ্দেশ্য: | এ তথ্য প্রযুক্তিভিত্তিক উদ্ভাবনী ধারণাটি পাইলটিং সফলভাবে সম্পন্ন হলে নিম্নোক্ত উদ্দেশ্যসমূহ অর্জিত হবে:<br>• ৫ জন প্রশিক্ষিত যুব "মাস্টার ফ্রিল্যান্সার" হিসেবে গড়ে উঠবে এবং এ মাস্টার ফ্রিল্যান্সারের তত্বাবধানে আরোও ২৫ জন যুবকে "মাইক্রো ফ্রিল্যান্সার" হিসেবে গড়ে তোলা হবে;<br>• ৩০ জন যুব একত্রে একটি আইটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা প্রদান করবে;<br>• প্রতিষ্ঠানের অভিজ্ঞতা ও ব্র্যান্ডিংকে কাজে লাগিয়ে প্রশিক্ষিত ফ্রিল্যান্সারগণ বিভিন্ন আন্তজাতিক মার্কেটপ্লেস যেমন: Up Work/ Fiverr-এ অংশগ্রহণ করে বৈদেশিক মুদ্রা অর্জন করবে। এভাবে, যুব কর্তৃক পরিচালিত Bangladesh Khulna Sea Tech (BKST) প্রতিষ্ঠানটি একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ করবে;<br>• প্রতিষ্ঠানটি এক বছরে কমপক্ষে ১০০ জন বেকার যুবকে তথ্যপ্রযুক্তি ভিত্তিক ফ্রিল্যান্সিং ও আউটসোর্সিংসহ বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে তাদের দক্ষ করে গড়ে তুলবে। |

| | |
|---|---|
| ৪. কর্মপদ্ধতি: | • মাইক্রো ফ্রিল্যান্সার হিসেবে গড়ে তোলার জন্য অতি দরিদ্র ও দরিদ্র বেকার যুবদের চিহ্নিত করা এবং তাদেরকে প্রশিক্ষণ প্রদানের জন্য যুব দলে একত্রিত করা;<br>• গ্রাম ও জেলা পর্যায়ে প্রতিটি গ্রামে যুব এবং তাদের পিতামাতার সাথে কাউন্সেলিং সেশন পরিচালনা করা;<br>• প্রমাণিত IT প্রশিক্ষণ কেন্দ্র /সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হতে অভিজ্ঞ ও দক্ষ প্রশিক্ষক দ্বারা ৫ জন মাস্টার ফ্রিল্যান্সারদের ToT সম্পন্ন করা;<br>• Cascading দক্ষতা উন্নয়ন পদ্ধতির মাধ্যমে এসডিএফ এর প্রকল্প এলাকায় মাস্টার ফ্রিল্যান্সার কর্তৃক ২৫ জন "মাইক্রো ফ্রিল্যান্সার" তৈরি করা;<br>• মাস্টার ফ্রিল্যান্সার এবং এসডিএফ এর DO and CF কর্তৃক কোচিং ,মেন্টরিং, ব্যবহারিক শিখন, দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ ও হাতে কলমে কাজ শিখানো এবং নিয়মিত ফলো◌াআপ করা;<br>• বাংলাদেশ খুলনা সি টেক (বিকেএসটি) বাণিজ্যিক কেন্দ্র প্রতিষ্ঠা করা যা পরবর্তীতে এর ব্র্যান্ড নাম হবে বিকেএসটি এবং এই নামে কার্যক্রম পরিচালনা করবে;<br>• জাতীয় এবং আন্তর্জাতিক ব্যবসায়িক প্রক্রিয়া এবং ই-কর্মাস কার্যক্রম চালু সহ আইটি সফ্টওয়ার ভিত্তিক কার্যক্রম পরিচালনা করা;<br>• এসডিএফ কর্তৃক প্রাতিষ্ঠানিক সহায়তা, বিষয়ভিত্তিক লজিস্টিক, এবং ফলো আপ পর্যবেক্ষণ করা;<br>• কর্মক্ষমতা ও সাফল্য মূল্যায়ন এবং উদ্ভাবনী কার্যক্রম পাইলটিং এর প্রতিবেদন তৈরি;<br>• বিভিন্ন পর্যায়ে স্টেকহোল্ডার ও Policy Actorদের নিয়ে অবহিতকরণ কর্মশালার আয়োজন করা; |
| ৫. উপকারিতা/সুফল: | • ২৫ জন যুব মাইক্রো ফ্রিল্যান্সার এবং স্থানীয় স্তরে আইটি ভিত্তিক পরিষেবা প্রদান;<br>• আইটি ভিত্তিক পরিষেবাগুলির প্রচার ও বিপণন এবং কর্মসংস্থান সৃষ্টির জন্য বাজুয়াতে কেএসটি বাণিজ্যিক কেন্দ্র স্থাপন হবে;<br>• প্রশিক্ষিত মাইক্রো ফ্রিল্যান্সার তাদের আইটি ভিত্তিক অর্ডারকৃত পণ্য বিনিময় ও রপ্তানি করে দেশ ও বিদেশী সংস্থার সাথে কর্মসংযোগ, কার্যাদেশ ও পণ্য বিনিময়, ই-কর্মাস লেনদেনের মাধ্যমে রাজস্ব অর্জন করবে;<br>• স্থানীয় পর্যায়ে অতি দরিদ্র ও দরিদ্র যুবগণ IT Based দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি এবং তাদের পরিবারের অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্রতা দূরীকরণ; |

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>৬.প্রত্যাশিত ফলাফল (TCV):</td><td>
<table>
<tr><th></th><th>সময়</th><th>খরচ</th><th>যাতায়াত</th></tr>
<tr><td>আইডিয়া বাস্তবায়নের আগে</td><td>২ ঘন্টা</td><td>২০০ টাকা</td><td>গ্রাম-উপজেলা -৩/৪</td></tr>
<tr><td>আইডিয়া বাস্তবায়নের পরে</td><td>৩০ মিনিট</td><td>৫০ টাকা</td><td>গ্রাম-ইউনিয়ন<br>২ বার</td></tr>
<tr><td>আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট</td><td>১.৫</td><td>১৫০ টাকা</td><td>স্থানীয় পর্যায়ে সেবা</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৭. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:</td><td>২০,০০,০০০.০০ টাকা</td></tr>
<tr><td>৮. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ)</td><td>১২ মাস (অক্টোবর ২০২১ -সেপ্টেম্বর ২০২২)</td></tr>
<tr><td>৯. সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে)</td><td>প্রশিক্ষণে অংশগ্রহণ এবং সময়, অন্যান্য সরবরাহ (একটি ল্যাপটপ এবং আনুষাঙ্গিক), ল্যাপটপ কেনার জন্য সহজ শর্তে নির্ধারিত পরিমাণ ঋণ প্রদান করা হবে।</td></tr>
<tr><td>১০. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)</td><td>সফল মডেলটি SDF-এর RELI প্রকল্পের অন্যান্য জেলায় সম্প্রসারণ করা যাবে।</td></tr>
<tr><td>১১. সম্ভাব্য ঝুঁকি:</td><td>• ক্লায়েন্টদের কাছ থেকে কাজের আদেশ পেতে কিছুটা বিলম্ব হয়;<br>• প্রাথমিকভাবে আয় কম হওয়ার কারণে উৎসাহ ধরে রাখা কষ্টকর।</td></tr>
</table>

**ধারণা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারী’র নাম, পদবী ও কর্মস্থল:**

১. মো: শহীদুল ইসলাম, ডিজিএম, ওয়াই এন্ড ই, এসডিএফ।

২. উত্তম চৌধুরী, অফিসার, ওয়াই এন্ড ই, এসডিএফ।

৩. জাহাঙ্গীর হোসেন, ডিসিও, খুলনা।

৪. সিও, ফুলতলা, খুলনা।